BARD

সিটিজেন চার্টার

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী

কোটবাড়ী, কুমিল্লা, বাংলাদেশ

Bangladesh Academy for Rural Development (BARD)

Kotbari, Comilla, Bangladesh.

পটভূমি

বার্ড তৎকালীন সরকার কর্তৃক প্রবর্তিত ভিএইড (VAID) প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের গ্রামের অবহেলিত জনমানুষের সমস্যাসহ গ্রামের সার্বিক অবস্থা সম্পর্কে অবহিতকরণের লক্ষ্যে তাদের প্রশিক্ষণ দেয়ার জন্য ১৯৫৯ সালের ২৭ মে পাকিস্তান গ্রাম উন্নয়ন একাডেমী নামে প্রথমে আত্ম প্রকাশ করে। স্বাধীনতাত্তোর এ প্রতিষ্ঠানটি বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী তথা বার্ড নামে নামকরণ করা হয়।

একাডেমীর প্রতিষ্ঠাতা পরিচালক হিসেবে নেতৃত্ব দেন প্রখ্যাত পল্লী উন্নয়ন গবেষক, কর্মী, দার্শনিক ও জনহিতকর সমাজ বিজ্ঞানী ড. আখতার হামিদ খান। তাঁর সুযোগ্য ও গতিশীল নেতৃত্বে একাডেমী কর্তৃক উদ্ভাবিত পল্লী উন্নয়নে "কুমিল্লা মডেল" বিশ্বব্যাপী খ্যাতি অর্জন করেছে।

আমাদের পরিচিতি

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ একটি জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। পল্লী উন্নয়নের ক্ষেত্রে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী অঞ্চলের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন তথা পল্লীর দারিদ্র্য বিমোচনে সহায়তা করা এ প্রতিষ্ঠানের প্রধান কাজ। সার্বিক পল্লী উন্নয়নের লক্ষ্যে বার্ডের পাঁচটি একাডেমিক বিভাগ যথা : পল্লী প্রশাসন ও স্থানীয় সরকার; পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা; পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন; পল্লী সমাজতত্ত্ব ও জনমিতি; কৃষি ও পরিবেশ এবং চারটি সার্ভিস বিভাগ যথা : প্রশিক্ষণ; গবেষণা; প্রকল্প ও প্রশাসন বিভাগ রয়েছে। এ সকল বিভাগের মাধ্যমে পল্লী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে বার্ড নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

একাডেমীর কার্যক্রম ২১ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পর্ষদের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা পরিচালনা পর্ষদের সভাপতি; পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব সহ-সভাপতি; বার্ডের মহাপরিচালক পরিচালনা পর্ষদের সদস্য-সচিব এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থার প্রতিনিধি পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করে থাকেন।

আমাদের প্রত্যাশা

বাংলাদেশের পল্লী এলাকার জনগণের উন্নয়নে নিত্য নতুন ধারণা, তত্ত্ব, জ্ঞান ও প্রযুক্তি ব্যবহার করে ন্যায়বিচার, জবাবদিহিতা, নারী পুরুষের সম অংশিদারিত্ব ও সুশাসন কায়েমের মাধ্যমে সমৃদ্ধ এবং স্বয়ং সম্পূর্ণ বাংলাদেশ গড়া।

আমাদের লক্ষ্য

পল্লীর সমস্যা চিহ্নিতকরণ, নীতি নির্ধারণে পরামর্শ প্রদান ও মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন।

আমাদের দায়িত্ব

- পল্লী উন্নয়ন ও সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণা পরিচালনা করা;
- সরকারী কর্মকর্তা ও পল্লী উন্নয়নের সাথে জড়িত ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ দেয়া;
- উন্নয়নের ধারণা ও তত্ত্বসমূহ পরীক্ষা নিরীক্ষা করা;
- পল্লী উন্নয়ন বিষয়ক কর্মসূচী ও কার্যক্রমসমূহ মূল্যায়ন করা;
- সরকারী ও অন্যান্য এজেন্সীকে উপদেশ ও পরামর্শমূলক সেবা প্রদান করা;
- দেশী ও বিদেশী ছাত্র-ছাত্রীদের গবেষণা (অভিসন্দর্ভ রচনা)-র কাজে সহায়তা দেয়া ও তত্ত্বাবধান করা;
- জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা করা; এবং
- পল্লী উন্নয়নের নীতি প্রণয়নে সরকারী নীতি নির্ধারকদের সহায়তা করা।

বার্ডের সেবাসমূহ

বার্ড তার কর্মকান্ড পরিচালনার স্বার্থে নানারকম সেবা প্রদান করে থাকে যা নিম্নরূপ :

প্রশিক্ষণ

বার্ডের উপর অর্পিত দায়িত্ব অনুযায়ী বার্ড প্রশিক্ষণ সেবা প্রদান করে থাকে। বার্ড নারীদের প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য উপযোগী পরিবেশ সৃষ্টি করে থাকে। বছরের শুরুতে বার্ষিক পরিকল্পনা সম্মেলন এর মাধ্যমে প্রাপ্ত চাহিদা অনুযায়ী বার্ড তার প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ করে থাকে। এছাড়া বার্ড নিজস্ব উদ্যোগে যে সকল প্রশিক্ষণ কর্মসূচী সংগঠন করে থাকে তা পত্রিকায় বিজ্ঞপ্তি ও সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানে পত্র প্রেরণের মাধ্যমে সংগঠিত করে থাকে।

গবেষণা ও প্রায়োগিক গবেষণা

- পল্লী উন্নয়নের নানাবিধ সমস্যা, সম্ভাবনা ও পল্লী উন্নয়ন সম্পর্কিত প্রকল্পের প্রভাব নিরূপণের লক্ষ্যে বার্ড বার্ষিক পরিকল্পনা সম্মেলন আয়োজনের মাধ্যমে বার্ষিক গবেষণা পরিকল্পনা চূড়ান্ত করে তা যথাযথভাবে বাস্তবায়ন করে থাকে। এ ছাড়া বার্ড দেশী-বিদেশী সংস্থার অনুরোধেও গবেষণা পরিচালনা করে থাকে।

- বার্ড গবেষণা ক্ষেত্রে যথাসম্ভব নারী পুরুষের জেন্ডার ভিত্তিক উদ্দেশ্য নির্ধারণ ও জেন্ডার বিভাজন ভিত্তিক তথ্যাদি বিশ্লেষণে সচেষ্ট থাকে।
- গবেষণালব্ধ ফলাফলের উপর ভিত্তি করে পল্লীর জনগণের উপকারার্থে বার্ড তার ম্যান্ডেট অনুযায়ী পল্লী উন্নয়ন সম্পর্কিত প্রকল্প পরিচালনা করে থাকে। এ সকল প্রকল্প পরিচালনার মাধ্যমে পল্লী উন্নয়নের টেকসই মডেল উদ্ভাবন করে তা সরকারের নিকট দেশব্যাপী বাস্তবায়নের জন্য উপস্থাপন করে থাকে।
- বার্ড প্রায়োগিক গবেষণা ক্ষেত্রে নারীর উপর প্রকল্পের প্রভাব এর বিষয়টি যথাযথভাবে বিবেচনা করে প্রকল্প গ্রহণ করে থাকে।

ক্যাফেটেরিয়া

বার্ড ক্যাফেটেরিয়ায় প্রশিক্ষণার্থী ও আগত অতিথিগণের জন্য সুলভমূল্যে স্বাস্থ্যসম্মত খাবার সরবরাহ করে থাকে।

হোস্টেল

বার্ড হোস্টেলে প্রশিক্ষণার্থী ও সংশ্লিষ্টদের সুলভমূল্যে থাকার ব্যবস্থা করে থাকে।

লাইব্রেরী

বার্ড লাইব্রেরীতে পল্লী উন্নয়নসহ উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে ষাট হাজারের অধিক গ্রন্থ ও গবেষণা প্রতিবেদন রয়েছে। এছাড়া পল্লী উন্নয়ন ও সংশ্লিষ্ট ক্ষেত্রে জার্ণাল, ম্যাগাজিন ও রেফারেন্স ম্যাটেরিয়াল রয়েছে।

বাগান ও নার্সারী

- বার্ড প্রায় ১৬৪ প্রজাতির বৃক্ষরাজি দ্বারা বেষ্টিত।
- বিভিন্ন রকমের ফলজ বৃক্ষ ও বৃক্ষজাত গাছ বার্ডের বাগান শাখার নার্সারীর মাধ্যমে সুলভ মূল্যে বিক্রি করা হয়।

অবহিতকরণ কর্মসূচী ও দর্শনার্থী

বার্ড দেশী-বিদেশী ছাত্র-ছাত্রী, গবেষক ও উন্নয়ন কর্মীদের জন্য বার্ডের কর্মকান্ড সম্পর্কে অবহিতকরণ কর্মসূচী সংগঠন করে থাকে।

আমাদের অঙ্গিকার

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লার সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এই মর্মে অঙ্গিকার করছি যে -

আমরা

- যথাযথ দক্ষতা ও দায়িত্বশীলতার সাথে আমাদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করব;
- ব্যক্তি/বেসরকারী পর্যায়ে প্রাপ্ত পত্রের প্রাপ্তি স্বীকার নিশ্চিত করে ১৫ দিনের মধ্যে তা নিষ্পত্তির চেষ্টা করব। এ সময়ের মধ্যে নিষ্পন্ন করা সম্ভব না হলে সেক্ষেত্রে আবেদনকারীকে অগ্রগতির বিষয়টি অবহিত করে তাঁকে আশ্বস্ত করব;
- যথাসম্ভব দ্রুততার সাথে আমাদের কার্যাদি সম্পন্ন করব;
- যথাসময়ে অফিসে উপস্থিত হব এবং অফিস চলাকালীন সময়ে উপস্থিতি নিশ্চিত করব;
- অফিসে আগত ব্যক্তির সাথে বন্ধুসুলভ আচরণ করব এবং আইনের কাঠামোর মধ্যে থেকে তাকে সর্বপ্রকার সহযোগিতা দান করব;
- নিজেকে জ্ঞান দ্বারা সমৃদ্ধ করব এবং তা জনকল্যাণের কাজে ব্যবহার করে উন্নত সেবার মান নিশ্চিত করব;
- আমাদের নিজ নিজ বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণাতে সম্পৃক্ত থাকব;
- মৌলিক চিন্তায় নিজেকে উৎসর্গ করব;
- যথাযথ জ্ঞান সমৃদ্ধ হয়ে প্রশিক্ষণ ক্লাশে যাব;
- যথাসময়ে আমাদের বার্ষিক পরিকল্পনা সম্মেলন আয়োজন করব এবং গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন করব;
- অন্যায় প্রভাবে প্রভাবিত না হয়ে আইনের আওতার মধ্যে থেকে কাজ করব এবং স্বচ্ছ ও জবাবদিহিতার মাধ্যমে
- সুশাসন প্রতিষ্ঠায় দায়িত্বশীল ভূমিকা রাখব;
- অফিসের নিরাপত্তাসহ পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করব;
- সকল ক্ষেত্রে সাশ্রয়ী এবং মিতব্যয়ী হব;
- সর্বক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে নিরপেক্ষতা বজায় রাখব;
- বার্ডের ভাবমূর্তি সমুন্নত রাখতে সচেষ্ট থাকব; এবং
- আমরা নারী পুরুষের সম্পর্ক উন্নয়ন ও সমতা আনয়নে সক্রিয় ভূমিকা পালন করব।

অভিযোগ ও নিষ্পত্তি

আমরা সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়ার প্রতিশ্রুতি জ্ঞাপন করছি। এ ছাড়া অভিযোগসমূহ নির্দিষ্ট বক্সেও ফেলা যেতে পারে।

যোগাযোগ

মহাপরিচালক, বার্ড, কোটবাড়ী, কুমিল্লা।
টেলিফোন নং : ৭৬৪২৪-২৮ (পিএবিএক্স)
ফ্যাক্স : ০৮১-৬৮৪০৬
ই-মেইল : bardbd@hotmail.com
bardbd@yahoo.com
ওয়েব : www.bard.gov.bd

BARD CAMPUS MAP